সংবাদ

তারিখ ... 05-JAN-2008

পৃষ্ঠা ৯ কলাম ৫

# এসএসসি পরীক্ষা : কমলগঞ্জে বাড়তি ফি ফেরত দেয়া হচ্ছে

প্রতিনিধি, কমলগঞ্জ (মৌলভীবাজার)

মৌলভীবাজারের কমলগঞ্জের উপজেলার বিভিন্ন স্কুলগুলোতে এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে নেয়া বাড়তি টাকা ফের দেয়া হচ্ছে। এসএসসি পরীক্ষার ফরম পূরণে কাজ কোন রসিদ ছাড়াই বিদ্যালয় কর্তৃপক্ষ এ টাকা নিয়েছিল।

কমলগঞ্জের মাধ্যমিক বিদ্যালয়গুলোতে এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে ফরম পূরণ বাবদ বাড়তি টাকা নেয়া হচ্ছে।

মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার এসএসসি পরীক্ষার্থী ও অভিভাবকদের অভিযোগ, বিভিন্ন পত্রিকায় প্রকাশ হওয়ার পর সিলেট শিক্ষা বোর্ড আদায় করা বাড়তি ফি ফেরত দেয়ার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে চিঠি দেয়। শিক্ষা বোর্ডের চিঠি পাওয়ার পর উপজেলার ১৯টি মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে ২টি বিদ্যালয় বাড়তি ফি ফেরৎ দিয়েছে। অন্য বিদ্যালয় গুলোও ফি ফেরত দেন বলে জানা গেছে।

জানা যায়, শিক্ষা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী মানবিক ও বাণিজ্য বিভাগে ৮৭০ টাকা এবং বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থীদের ৯৩০ টাকা জমা দেয়ার কথা। কিন্তু কমলগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সাড়ে ৯শ' থেকে ২৫'শ টাকা পর্যন্ত আদায় করা হয়। ফরম পূরণে বাড়তি টাকা আদায় করা হলেও কোন রসিদ দেয়া হয়নি।

উপজেলা মাধ্যমিক বিদ্যালয়ের একটি সূত্র জানায়, সিলেট শিক্ষা বোর্ড পর পর ৩টি চিঠি দিয়ে সংশ্লিষ্ট বিদ্যালয়গুলোর প্রধান শিক্ষকের কাছে ফরম পূরণে বাড়তি ফি না নিতে নির্দেশ দিয়েছে। এরপরও স্কুলগুলো বাড়তি ফি আদায় করেছে। এই সংবাদটি 'সংবাদ'সহ বিভিন্ন সংবাদপত্রে প্রকাশ হলে সিলেট শিক্ষা বোর্ডের সচিব অধ্যাপক মো. সেলিম খানের সই করা পত্রে গত ৩১ ডিসেম্বরের মধ্যে প্রতিষ্ঠান গুলোকে বাড়তি অর্থ ফেরত দিয়ে লিখিতভাবে অবহিত করার জন্য নির্দেশ দেয়া হয়।

বোর্ডের নির্দেশ অনুযায়ী ৩১ ডিসেম্বর অতিবাহিত হলেও পতনউষা উচ্চ বিদ্যালয় ও কমলগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয় ছাড়া অন্য কোন বিদ্যালয় বাড়তি ফি ফেরত দেয়নি। তবে শমসেরনগর হাজী উস্তার বালিকা উচ্চ বিদ্যালয়, আবুল ফজল উচ্চ বিদ্যালয়, কালী প্রসাদ উচ্চ বিদ্যালয়সহ ৪টি বিদ্যালয় কোন অতিরিক্ত ফি নেয়নি বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

উপজেলার মধ্যে শংকরপুর শহীদ স্মৃতি উচ্চ বিদ্যালয় সর্বোচ্চ ২৫শ' টাকা এবং কমলগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয় ১৭৬০ টাকা ফি আদায় করেছে। বাড়তি ফি আদায় বিষয়ে কমলগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. গাউছুল আজম বলেন, এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে ফরম পূরণে আদায় করা বাড়তি ফি ফেরত দেয়ার জন্য সিলেট শিক্ষা বোর্ড থেকে উপজেলার সবক'টি বিদ্যালয়কে চিঠি দেয়া হয়েছে। গত বুধবার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রধান শিক্ষকদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে আদমপুর এমএ ওয়াব উচ্চ বিদ্যালয়, মাধবপুর উচ্চ বিদ্যালয়, তেতইগাঁও উচ্চ বিদ্যালয় ও দয়াময় উচ্চ বিদ্যালয়ের শিক্ষকরা গত বৃহস্পতিবারের মধ্যেই বাড়তি ফি ফেরত দেয়ার কথা বলেছেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আরও জানান, আজ শনিবার শহীদ স্মৃতি উচ্চ বিদ্যালয় অতিরিক্ত ফি ফেরত দেবে।

কমলগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক অসুস্থ থাকায় ওই বিদ্যালয়ের বাড়তি ফি ফেরত দেয়ার তারিখ নির্ধারণ করা হয়নি। এছাড়া অন্য বিদ্যালয়গুলো ও বাড়তি ফি ফেরত দিচ্ছে।